

“ছেলে হোক, মেয়ে হোক
দুটি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd



নং-৫৯.১১.০০০০.১৫৩.২৭.১০১.২০-২০

তারিখ-...১১/০৩/২০২১

আদেশ

যেহেতু, জনাব মোঃ তোহিদুর রহমান, উপজেলা পরিবার পরিকল্পনা সহকারী, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সোনাগাজী, ফেনী গত ৩১/১২/২০১৭ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮-এর বিধি ৩ এর (খ) ও (গ) মোতাবেক অসদাচরণ ও পলায়নের অপরাধ হিসেবে গণ্য করে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ১৭/০২/২০১৯ তারিখের পপ/প্র-ই/শৃং(শা-২)/২৩৮/২০১৮/৮৯ সংখ্যক স্মারকমূলে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়; এবং

০২। যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেননি। তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮-এর বিধি-৭(৪) অনুযায়ী তদন্ত করার জন্য পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ১৭/১০/২০১৯ তারিখের পপ/প্র-ই/শৃং(শা-২)/২৩৮/২০১৮/৫৫৭ সংখ্যক স্মারকমূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮-এর বিধি-৭ (৩) মোতাবেক তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

০৩। যেহেতু, তদন্ত কর্মকর্তা বিভাগীয় মামলায় আনীত অভিযোগ সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন দাখিল করেছেন। দাখিলকৃত প্রতিবেদনে তার বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অসদাচরণ ও পলায়নের অভিযোগ প্রমাণিত হয়েছে; এবং

০৪। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে তার বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অসদাচরণ ও পলায়নের অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮-এর বিধি ৪ (৩) মোতাবেক তাঁকে সরকারি চাকরি থেকে বরখাস্ত বা একই বিধিমালার আওতায় অন্য কোন গুরুত্ব প্রদানের শাস্তির প্রস্তাব করে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ১১/০৩/২০২০ তারিখের ৫৯.১১.০০০০.১৫৩.২৭.১০১.২০-১৩৬ সংখ্যক স্মারকমূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮-এর ৭(৯) বিধি মোতাবেক ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়। তিনি ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেননি;

০৫। এক্ষণে সেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং আনুষঙ্গিক অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনা করে বিভাগীয় মামলায় আনীত অসদাচরণ ও পলায়নের অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮-এর বিধি ৪ (৩) (ঘ) মোতাবেক তাকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ৩১/১২/২০১৭ তারিখ থেকে সরকারি চাকরি হতে বরখাস্ত করা হলো।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

জনাব মোঃ তোহিদুর রহমান
উপজেলা পরিবার পরিকল্পনা সহকারী
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
সোনাগাজী, ফেনী।

(মোঃ হেমায়েৎ হুসেন)
অতিরিক্ত সচিব ও
পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫০১২৩৪২
ইমেইল: diradmin@dgfp.gov.bd

নং-৫৯.১১.০০০০.১৫৩.২৭.১০১.২০

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :

- ১। পরিচালক, পরিবার পরিকল্পনা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ২। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, ফেনী (এতদসংগে সংযুক্ত আদেশটি অভিযুক্তের নিকট সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮-এর বিধি ৮(২) মোতাবেক নোটিশটি জারি করে জারির প্রতিবেদন পরিবার পরিকল্পনা অধিদপ্তরের শৃঙ্খলা শাখায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। সহকারী পরিচালক (পার-১/সমন্বয়), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
- ৪। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি), সোনাগাজী, ফেনী (আদেশটি অভিযুক্তের চাকরিনামা বহিতে লিপিবদ্ধ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সোনাগাজী, ফেনী।
- ৬। সহকারী মেইনটিনেন্স ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (আদেশটি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
- ৮। অফিস কপি।

(মোঃ শাহাদৎ হুসেন)
উপপরিচালক
শৃঙ্খলা শাখা
প্রশাসন ইউনিট